

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 1→11-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

CM-AMRUT 2.0 Project :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল দ্বিতীয় পর্যায়ের আম্বুত প্রকল্পের অধীনে আগরতলা পুর এলাকায় রূপায়িত ৪৫টি ডিপ-টিউবওয়েল এবং ২৭টি আয়রন রিম্যুভেল প্ল্যান্টের উদ্বোধন করেন। এ উপলক্ষ্যে আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবন প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে তিনি বলেন, এই প্রকল্পে রাজ্যের অন্যান্য শহরগুলিতেও বাড়ি বাড়ি বিশুদ্ধ পানীয়জল পেঁচে দেওয়ার কাজ শুরু হয়েছে। মুখ্যমন্ত্রী আরো বলেন, সরকার আগরতলা পুরনিগম এলাকার পশাপাশি অন্যান্য মহকুমা শহরগুলিকেও আধুনিকীকরণের জন্য, টুড়ার মাধ্যমে টাউনশিপ প্রকল্প হাতে নিয়েছে। তাছাড়া, আগরতলা শহরকে যানজট মুক্ত রাখতে ইস্ট ওয়েস্ট রিং রোড তৈরী করা হবে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, ডেপুটি মেয়র মণিকা দাস দত্ত প্রমুখ।

PM :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ অন্তর্প্রদেশ এবং তামিলনাড়ু সফর করবেন। আজ সকালে তিনি অন্তর্প্রদেশের পুট্টাপার্থীতে, ভগবান শ্রী সত্য সাই বাবার শতবর্ষ উদযাপনে অংশগ্রহণ করবেন। এই উপলক্ষে, তিনি শ্রী সত্য সাই বাবার প্রতি সম্মান জোনিয়ে একটি স্মারক মুদ্রা এবং ডাকটিকিট প্রকাশ করবেন। শ্রী মোদী সেখানে জনসমাবেশে ভাষণও দেবেন। পরে দুপুরে, তামিলনাড়ুর কোয়েন্সাটুরে

তিনি দক্ষিণ ভারত প্রাকৃতিক কৃষি সম্মেলনের উদ্বোধন করবেন। অনুষ্ঠান চলাকালীন, প্রধানমন্ত্রী সারা দেশের ৯ কোটি কৃষককে সহায়তার জন্য, ১৮,০০০ কোটি টাকারও বেশি মূল্যের পিএম-কিষাণ প্রকল্পের ২১তম কিস্তি প্রকাশ করবেন।

Agriculture Minister :

সংযুক্ত আরব আমির শাহীর দুবাই ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে আয়োজিত, মিডল ইস্ট ল্যাচারাল অ্যান্ড অর্গানিক প্রোডাক্টস এক্সপো-২০২৫-এ ত্রিপুরায় উৎপাদিত কৃষি সামগ্রী ব্যাপক সাড়া ফেলেছে। কৃষিমন্ত্রী রতনলাল নাথের উপস্থিতিতে এই এক্সপোতে রাজে্যের জি আই-স্বীকৃত কুইন আনারস, কঁঠাল, সুগন্ধি কালিখাসা ও হরিনারায়ণ ধান, বার্ডস আই চিলি, সুগন্ধি গন্ধরাজ লেবু, সাদা তিল ও কাউন বা ফস্টেইল মিলেট প্রদর্শন করা হয়। এই সামগ্রীগুলি উচ্চগুণমান, স্বাদ ও রপ্তানিযোগ্যতার জন্য প্রশংসা অর্জন করেছে। ইউরোপ, জাপান, কোরিয়া ও দক্ষিণ-পূর্ব এশিয়া সহ বিভিন্ন দেশের আমদানিকারকরা এসমস্ত পণ্য সংগ্রহে আগ্রহ দেখিয়ে, দীর্ঘমেয়াদি অংশীদারিত্ব গড়ে তোলার আগ্রহ প্রকাশ করেছে।

এক্সপোতে এক অনুষ্ঠানে কৃষিমন্ত্রী রতনলাল নাথ, ত্রিপুরার বিখ্যাত আগর কাঠ, আগর তেল, আগর সুগন্ধি ও বাঁশ করুলের কথাও তুলে ধরেন।

Rabar Borde:

শিল্প ও বানিজ্য মন্ত্রকের অধীন রাবার বোর্ডের উদ্যোগে, E-Market পোর্টাল mRUBE-এর জাতীয় পুরস্কার বিতরণী আজ আগরতলায় অনুষ্ঠিত হবে। আজ সকালে প্রঙ্গে ভবনে এই অনুষ্ঠান ও ভার্চুয়াল ট্রেড ফেয়ার-এর উদ্বোধন করবেন

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। অনুষ্ঠানে রাজ্যের ও বহি:রাজ্যের রাবার উৎপাদক, ব্যবসায়ী ও শিল্পদেয়গীরা অংশ নেবেন।

Forest Minister :

বনমন্ত্রী অনিমেষ দেববর্মা গতকাল তুলাশিথর রাকের পশ্চিম চাম্পাছড়ায় ঘর মোছা জীবাণুনাশক ও মশা নিরোধক তরল সরঞ্জাম ব্যবহারের উপর দুইদিনের কর্মশালার উদ্বোধন করেন। প্রশিক্ষণ কর্মসূচিতে জেলার ৬টি রাক এলাকার বিভিন্ন স্বসহায়ক দল থেকে ২১০ জন অংশ নিয়েছেন।

Workshop-Unakoti :

কেন্দ্রীয় সরকারের উত্তর পূর্ব রূপান্তরমূলক শিল্পায়ন প্রকল্প বিষয়ে কৈলাশহরের উনকোটি কলাক্ষেত্রে গতকাল এক কর্মশালা অনুষ্ঠিত হয়। শিল্প ও বাণিজ্য দপ্তরে আয়োজিত এই কর্মসূচির উদ্বোধন করেন উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। কর্মশালায় তথ্যচিত্র উপস্থাপনের মাধ্যমে এই প্রকল্পের বিভিন্ন দিক নিয়ে আলোকপাত করা হয়। উপস্থিত ছিলেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, জেলা শিল্প কেন্দ্রের জেনারেল ম্যানেজার গোলাম সাদেক প্রমুখ।

Cooperative Week-Blood Donation :

৭২তম অখিল ভারত সমবায় সপ্তাহ উদযাপন উপলক্ষে সমবায় দপ্তরের উদ্যোগে গতকাল আমবাসা প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে রক্তদান শিবিরের আয়োজন করা হয়। উদ্বোধন করেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তনা চাকমা। উপস্থিত ছিলেন

ধলাই জেলার জিলা পরিষদের সভাধিনেত্রী পুস্তিতা দাস, মহকুমা শাসক রিক্সু
রিয়াং প্রমুখ। শিবিরে ৬১ জন স্বেচ্ছায় রাঙ্গদান করেন।

South Tripura District Level Youth Festival :

বিলোনিয়া টাউন হলে গতকাল দক্ষিণ জেলাভিত্তিক যুব উৎসব ও বিজ্ঞান
মেলার উদ্বোধন করেন দক্ষিণ জেলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। এই
উৎসবে ৪৪৬ জন প্রতিযোগী লোকনৃত্য ও লোকগান সহ সাতটি ইভেন্টে অংশ
নেয়।

Blood Donation :

মহাআন্ত গান্ধী মেমোরিয়াল দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে সাত দিনব্যাপী বিশেষ
এন.এস.এস ক্যাম্পের দ্বিতীয় দিনে গতকাল স্বেচ্ছা রাঙ্গদান শিবিরের আয়োজন
করা হয়। শিবিরে ৩০ জন স্বেচ্ছায় রাঙ্গদান করেন।

Pulin Debbarma Music Conference:

উচ্চশিক্ষা দপ্তরের সহযোগিতায় শচীন দেববর্মন স্মৃতি সরকারী সঙ্গীত
মহাবিদ্যালয়ের উদ্যোগে আয়োজিত সপ্তদশ পুলিন দেববর্মা স্মৃতি সারা ত্রিপুরা
সঙ্গীত সম্মেলন-২০২৫ আজ থেকে শুরু হচ্ছে। আজ সঙ্গ্যায় আগরতলার সুকান্ত
একাডেমিতে এই সম্মেলনের উদ্বোধন করবেন উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মন।
তিনিনের এই সম্মেলনে রাজ্যের ও বহি:রাজ্যের শাস্ত্রীয়-সঙ্গীত শিল্পীদের
পরিবেশনা ছাড়াও, বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

All Tripura Unorganised Congress :

অল ত্রিপুরা অসংগঠিত শ্রমিক কংগ্রেস তিন দফা দাবির ভিত্তিতে গতকাল আগরতলায় কংগ্রেস ভবনের সামনে গণ অবস্থান পালন করে। দাবীগুলি হল স্বাস্থ্য দপ্তরের অধীনে কর্মরত ডিডিটি কর্মীদের সারা বছর কাজ প্রদান, রেগা শ্রমিকদের বছরে ২০০ দিন কাজ ও দৈনিক ৫০০ টাকা মজুরী প্রদান করা এবং মিড-ডে মিল ও আশা কর্মীদের নিয়মিতকরণ। এই দাবীগুলো নিয়ে সংগঠনের পক্ষ থেকে জাতীয় স্বাস্থ্য মিশনের মিশন অধিকর্তার কাছে স্মারকলিপি প্রদান করা হয়।

Ranji Trophy :

রঞ্জিট্রফির চারদিনের খেলায় গতকাল ত্রিপুরার ইনিংস ও ১১৭ রানে রেলওয়ের কাছে পরাজিত হয়েছে। গুজরাটের ভালসাদের সর্দার প্যাটেল স্টেডিয়ামে রেলওয়ে তৃতীয় দিনে ৯ উইকেটে ৪৪৬ রানে প্রথম ইনিংসের সমাপ্তির ঘোষনা দেয়। ৩০১ রানে পিছিয়ে থেকে দ্বিতীয় ইনিংসে খেলতে নেমে রাজ্যদল ১৯৩ রানে সবাই আউট হয়ে যায়। এর আগে রাজ্যদল প্রথম ইনিংসে ১৩৬ রান করেছিল।

Weather :

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ প্রধানত পরিষ্কার থাকবে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আগরতলা বিমানবন্দরে আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭.৮ ডিগ্রি সেলসিয়াস।
